



ইরানি হ্যাকারদের হামলায় এফবিআই প্রধানের ইমেইল হ্যাক



ছবি: রয়টার্স

ইরানি হ্যাকারদের এক সাইবার হামলায় যুক্তরাষ্ট্রের এফবিআই প্রধান কাস প্যাটেলের ব্যক্তিগত ইমেইল অ্যাকাউন্টে অনুপ্রবেশের ঘটনা ঘটেছে। হ্যাকের পর সেখান থেকে সংগ্রহ করা বিভিন্ন ছবি ও তথ্য অনলাইনে প্রকাশ করা হয়েছে বলে জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম সিএনএন। বিষয়টি নিশ্চিত করেছেন সংশ্লিষ্ট এক ব্যক্তি। সিএনএনের প্রতিবেদনে বলা হয়, ইমেইল অ্যাকাউন্টে থাকা তথ্যগুলো ধাপে ধাপে প্রকাশ করছে হ্যাকাররা। এসব ডাটার মধ্যে ২০১১ থেকে ২০২২ সালের বিভিন্ন ব্যক্তিগত, ব্যবসায়িক ও ভ্রমণ সংক্রান্ত তথ্য রয়েছে। তবে সংশ্লিষ্ট এক মার্কিন কর্মকর্তা জানিয়েছেন, এফবিআইয়ের কোনো সংবেদনশীল বা অফিসিয়াল তথ্য ওই ইমেইলে ছিল না। ধারণা করা হচ্ছে, একই হ্যাকার গোষ্ঠী চলতি মাসের শুরুতেও একটি বড় সাইবার হামলায় জড়িত ছিল। সে সময় যুক্তরাষ্ট্রের একটি বড় চিকিৎসা সরঞ্জাম প্রস্তুতকারী প্রতিষ্ঠানের কার্যক্রম ব্যাহত হয়। ওই হামলার পর হ্যাকাররা দাবি করেছিল, ইরানের স্কুলে হামলার প্রতিশোধ হিসেবেই তারা এ ধরনের সাইবার আক্রমণ চালিয়েছে।

সূত্র: সিএনএন

LENS ASIA